

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ : ২৮ মে, ২০০২

স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড

সভাপতি : কর্নেল মোঃ সাইদুর রহমান, বিপি  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- |     |   |    |       |
|-----|---|----|-------|
| (১) | ক্যান্টেন এম এ এস খান, (জি), বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস।                   | -- | সদস্য |
| (২) | উইং কমান্ডার শাহে আলম, পিএসসি<br>অধিনায়ক(প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | লেঃ কর্নেল মোঃ আব্দুস সালাম<br>সিএমইএস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস।                                       | -- | সদস্য |
| (৪) | লেঃ কর্নেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিখারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস।                      | -- | সদস্য |
| (৫) | মিসেস সেলিনা আক্তার<br>সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।                | -- | সদস্য |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত বিদায়ী সদস্য গ্রুপ ক্যান্টেন জামালউদ্দিন আহমেদ, পিএসসি, অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের অন্যত্র বদলীজ্ঞিত কারণে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রতি তাঁর মূল্যবান অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করে তাঁকে ধন্যবাদ জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বক্তব্যের পর সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস বিদায়ী সদস্য গ্রুপ ক্যান্টেন জামালউদ্দিন আহমেদ, পিএসসিকে অত্র বোর্ডের কর্মকাণ্ডে তাঁর সার্বিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে বক্তব্য প্রদান করেন। বিদায়ী সদস্য গ্রুপ ক্যান্টেন জামালউদ্দিন আহমেদ, পিএসসি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বোর্ডের কর্মকাণ্ডে তাঁর সম্পৃক্ততার কথা স্মরণ করে সভার প্রতি কৃতজ্ঞতা ও বোর্ডের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে বিদায়ী বক্তব্য রাখেন। গ্রুপ ক্যান্টেন জামালউদ্দিন আহমেদ, পিএসসি প্রায় ০১(এক) বছর ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য হিসেবে বোর্ডের সামগ্রিক কর্মকাণ্ডে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন বলে সভায় সর্বসম্মত অভিমত প্রকাশ করা হয়। বোর্ড সদস্য হিসেবে তাঁর বিশেষ ভূমিকার জন্য সকল সদস্য তাঁকে আন্তরিক

চলমানপাতা-২

ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তাঁর পেশাগত জীবনের উত্তরোত্তর সাফল্য ও মঙ্গল কামনা করা হয়। তাঁকে যথাযথ সম্মান প্রদর্শনগূর্বক বিদায় জ্ঞাপনের পর সভার আলোচ্যসূচীর কার্যক্রম শুরু করা হয়।

বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

প্রস্তাব নং-১ : বিগত ৩১ মার্চ, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত : বিগত ৩১ মার্চ, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনাতে দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মার্চ ও এপ্রিল, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মার্চ ও এপ্রিল, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮ এপ্রিল, ২০০২ তারিখের ২/এমএলএভসি/জেনারেল/৩৬-এ/১৬৬ নং পত্রের মাধ্যমে ২০০১-২০০২ আর্থিক সালের বরাদ্দকৃত সহায়ক অনুদান অবলোকন (বরাদ্দপত্র পেশ করা হলো)।

গৃহীত সিদ্ধান্ত : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮ এপ্রিল, ২০০২ তারিখের ২/এমএলএভসি/জেনারেল/৩৬-এ/১৬৬ নং পত্রের মাধ্যমে ২০০১-২০০২ আর্থিক সালের বরাদ্দকৃত সহায়ক অনুদান অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মার্চ ও এপ্রিল, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মার্চ ও এপ্রিল, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো এবং আপাততঃ দু'টি এলাকায় সভাপতি মহোদয়ের সংগে আলোচনাক্রমে ভ্যান গাড়ীর মাধ্যমে ময়লা-আবর্জনা সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৫ : ২০০১-২০০২ আর্থিক সালে বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকার সাথে চুক্তিপত্র সম্পাদন করতে ০৩(তিন) মাস অতিবাহিত হয়ে যায়। যার ফলে ১(এক) জন ড্রাইভার এবং ৫(পাঁচ)জন ঝাড়ুদারের ৩(তিন) মাসের বেতন ও ৩(তিন) মাসের জ্বালানী এবং পোষাক বাবদ ১৯,২০০/- (উনিশ হাজার দুই হাত) টাকাসহ অব্যয়িত মোট ৭০,৬০৫/- (সত্তর হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাসের ০৩ ডিসেম্বর, ২০০১ তারিখের পত্র নং-বাশার/৪০৪৬/৩/বিডব্লিউও/খ-১১/৫৮ক এর মাধ্যমে ফেরত চাওয়ার প্রেক্ষিতে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের নিকট হতে মিনিটশীটে অনুমোদন নিয়ে ফেরত প্রদান করা হয়। যা ঘটনোত্তর অনুমোদনের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : পর্যালোচনাতে ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৬ : সেনাভবনের পার্শ্বস্থ এলাকার ঘাস নিয়মিতভাবে কেটে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নিমিত্তে একটি ৪(চার) হর্স পাওয়ার ইয়ার্ড মেশিন(আমেরিকার তৈরী ঘাস কাটার মেশিন ) ভ্যাটসহ ৩৬,২২৫/- (ছত্রিশ হাজার দুইশত পঁচিশ)টাকায় ক্রয়ের নিমিত্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের নিকট হতে ২৪ এপ্রিল, ২০০২ তারিখে মিনিটশীটের মাধ্যমে অনুমোদন নেয়া হয়। যা ঘটনোত্তর অনুমোদনের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : পর্যালোচনাতে ঘটনোত্তর অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, এ ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব নং-৭ : শিখা অনির্বাণ এলাকার ঘাস নিয়মিতভাবে কেটে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নিমিত্তে একটি ০৪(চার) হর্স পাওয়ার ইয়ার্ড মেশিন (আমেরিকার তৈরী ঘাস কাটার মেশিন) ভ্যাটসহ ৩৬,২২৫/- (ছত্রিশ হাজার দুইশত পঁচিশ) টাকায় ক্রয়ের নিমিত্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের নিকট হতে ২২ মে, ২০০২ তারিখে মিনিটশীটের মাধ্যমে অনুমোদন নেয়া হয়। যা ঘটনোত্তর অনুমোদনের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : পর্যালোচনাতে ঘটনোত্তর অনুমোদন করা হলো। উল্লেখ্য এ ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব নং-৮ : জন্ম-মৃত্যুর সনদপত্র প্রদানের নিমিত্তে ফি নির্ধারণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে ঢাকা সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করা হলো তারা সরকারী নির্দেশ মোতাবেক প্রতিটি সনদপত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা গ্রহণ করেন বলে জানা যায়। এ বিষয়ে ঢাকা সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত একটি সরকারী পত্রের ফটোকপি এবং ঢাকা সিটি কর্পোরেশনের জন্মগত সনদপত্রের একটি নমুনা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বোর্ডসভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে প্রতিটি জন্মগত সনদ ইস্যুর জন্য ২৫/- (পঁচিশ) টাকা হারে ফি নির্ধারণ করা হলো এবং ঢাকা সিটি কর্পোরেশন এর জন্মগত সনদপত্রের নমুনা মোতাবেক ফরম তৈরীর অনুমোদন দেয়া হলো। আলোচনার এক পর্যায়ে বোর্ডের সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম এ এস খান, (জি), বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা ক্যান্টনমেন্টের প্রকৃত লোকসংখ্যার ব্যাপারে সমন্বয়যোগী যুক্তিসংগত আলোচনার সূত্রপাত করেন। তাঁর আলোচনার প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্টের সামরিক ও বেসামরিক প্রকৃত লোকসংখ্যা নির্ণয়ের ব্যাপারে শুমারী পরিচালনার মাধ্যমে প্রকৃত পরিসংখ্যান সংগ্রহের নিমিত্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

প্রস্তাব নং-৯ : কবর পাকাকরণ বাবদ জমাকৃত টাকা ফেরত প্রদান প্রসংগে ব্রিগেডিয়ার জেনারেল আফতাব উদ্দীন আহম্মদ, ব্যবস্থাপনা পরিচালক, বিএমটিএফ লিঃ, গিয়াজো অফিস, সেনাসদর, ঢাকা সেনানিবাসের ১৪ মে, ২০০২ তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (পত্রটি পেশ করা হলো)।

চলমানপাতা-৪

সি ৩ ৩

গৃহীত সিদ্ধান্ত : আবেদনকারীর আবেদনের উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে কবর পাকাকরণ বাবদ জমাকৃত ফি ফেরত প্রদানের অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং-১০ : সেনানিবাস কবরস্থানে কবর পাকা করা বন্ধ রয়েছে। তবে কবর পাকা করার জন্য পূর্বেই যারা ফি জমা প্রদান করেছিলেন তাদের কবর পাকা করার জমাকৃত ফি ফেরত প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১১ ফেব্রুয়ারি, ২০০২ তারিখের ৬২৬/আর/এ নং পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সেনাসদরের নিবেদাজ্জার প্রেক্ষিতে যেহেতু এখন কাউকে কবর পাকা করতে দেয়া হচ্ছে না, সেহেতু সেনানিবাস কবরস্থানে কবর পাকা করার জন্য পূর্বে যারা ফি জমা করেছিলেন তাদের কবর পাকা করার জমাকৃত ফি ফেরত প্রদানের অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং-১১ : মহাখালী ডিওএইচএস এলাকার সি/১০১ নং বাড়ীর সীমানা সংলগ্ন বিভিন্ন ধরনের ১০(দশ)টি গাছ গত ১৮ এপ্রিল, ২০০২ তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হয়। উক্ত নিলাম ডাকে উপস্থিত ০৮(আট) জন ডাককারীর মধ্যে জনাব মোঃ বাহার, সিবি/২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বোচ্চ ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকার দর পিসিবি মহোদয় কর্তৃক মিনিটশীটের মাধ্যমে গত ৩০ এপ্রিল, ২০০২ তারিখে অনুমোদন করা হয়। যার ঘটনোত্তর অনুমোদনের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : পর্যালোচনাতে ঘটনোত্তর অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং-১২ : বাংলাদেশ নৌ-বাহিনী এলাকায় কঞ্জারভেলী কাজে নিয়োজিত ৪৫২০ নং কঞ্জারভেলী ট্রাকটি অতি পুরাতন বিধায় গাড়ীর যান্ত্রিক গোলযোগ দেখা দিয়ে অচল অবস্থায় আছে। ক্যান্টনমেন্ট বোর্ডের নিজস্ব মেকানিক দিয়ে ইঞ্জিন খোলা হয়েছে এবং গাড়ীটি সম্পূর্ণ মেরামতের সম্ভাব্য ব্যয়ের তালিকা উক্ত মেকানিক কর্তৃক দাখিল করা হয়েছে। যার সর্বমোট মূল্যানুমান দাড়িয়েছে ৪০,৬৫০/- (চল্লিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা। মেরামতের দরপত্র বিজ্ঞপ্তিটি দৈনিক সংবাদপত্রে প্রচার করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে মেকানিক কর্তৃক দাখিলকৃত মূল্যানুমান উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে কঞ্জারভেলী ট্রাকটি মেরামত করানোর নিমিত্তে ৪০,৬৫০/- (চল্লিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা মূল্যানুমান অনুমোদন করা হলো। মেরামতের ব্যাপারে বাংলাদেশ নৌ-বাহিনী, হাজী মহসিন, ঢাকা সেনানিবাসের কারিগরী সহায়তা গ্রহণ করা যেতে পারে। জরুরী ভিত্তিতে মেরামতের ব্যাপারে দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রচার করার প্রয়োজন নেই। তবে স্থানীয়ভাবে প্রতিযোগিতামূলক খোলা দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমানপাতা-৫

প্রস্তাব নং-১৩ : ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস নং ঢাকা মেট্রো-৮-০২-০৫৬৮ গাড়ীটির ইঞ্জিন মেরামত ডেন্টিং ও পেইন্টিং কাজের জন্য গত ০৬ মে, ২০০২ তারিখে দরপত্র আহবান করা হলে ১৬ মে, ২০০২ তারিখে ০৩(তিন)টি ফার্ম উক্ত ব্যাপারে দরপত্র দাখিল করে দাখিলকৃত ফার্ম তিনটির মধ্যে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ৪৭, ০০০/- (সাতচল্লিশ হাজার) টাকা সর্বনিম্ন দর প্রদান করে। উক্ত দরপত্রটি অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বোর্ডসভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস কর্তৃক প্রদত্ত ৪৭,০০০/- (সাতচল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৪ : জনাব মোঃ কবির হোসেন সিকদার, আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এর ২১ মে, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে সর্বসাকুল্যে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানিতে নিয়োগের মেয়াদ ০১ জুলাই, ২০০২ হতে ৩১ ডিসেম্বর, ২০০২ পর্যন্ত আরো ০৬(ছয়) মাস বর্ধিত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে তাঁর আবেদনপত্র পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবের বিষয়ে আলোচনাতে জনাব মোঃ কবির হোসেন সিকদার, আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে সর্বসাকুল্যে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানিতে তাঁর নিয়োগের মেয়াদ ০১ জুলাই, ২০০২ হতে ৩১ ডিসেম্বর, ২০০২ পর্যন্ত আরো ০৬(ছয়) মাস বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে হেপাটাইটিস 'বি' ভাইরাস এর জন্য রক্ত পরীক্ষা ও নগদ মূল্যে ভেকসিনেশন প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের, ১৮ মে, ২০০২ তারিখের ৬১৯/৫/এ নং পত্র সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে হেপাটাইটিস 'বি' ভাইরাসের জন্য রক্ত পরীক্ষা ও নগদমূল্যে ভেকসিনেশন প্রদান প্রসঙ্গে বিস্তারিত আলোচনাতে বিষয়টি সম্পূর্ণ ঐচ্ছিক বিবেচনায় সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থাৎ কোন ছাত্র-ছাত্রী ইচ্ছা করলে বিনামূল্যে রক্ত পরীক্ষা এবং নগদ টাকার বিনিময়ে ভেকসিনেশন গ্রহণ করতে পারবে। বিষয়টি ঐচ্ছিক হিসেবে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জ্ঞাত করানো যেতে পারে। এ ব্যাপারে তেজারত হেলথ কেয়ার মার্কেটিং সংস্থার সহিত যোগাযোগ করার জন্য সিইও, ঢাকাকে অনুরোধ করা হলো।

নং-১৬ : রজনীগন্ধা সুপার মার্কেটের পুকুর পাড়ে বাৎসরিক ভিত্তিতে অস্থায়ীভাবে বরাদ্দকৃত ৩১ নং দোকানটির পরবর্তী ইজারা মেয়াদ ০৭ এপ্রিল, ২০০২ তারিখ হতে ১০(দশ) বছরের জন্য বর্ধিত করার ব্যাপারে উক্ত দোকানের মালিক জনাব মোঃ রুহুল আমিন এর ০৪ এপ্রিল, ২০০২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে দোকানের বকেয়া ভাড়া আদায় সাপেক্ষে ০৮ এপ্রিল, ২০০২ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনে ১৫(পনের) দিনের নোটিশে উক্ত দোকানর স্থান ছেড়ে দিতে হবে। অস্থায়ী বরাদ্দকৃত দোকান কোনক্রমেই হস্তান্তর করা যাবে না।

প্রস্তাব নং-১৭ : রজনীগন্ধা সুপার মার্কেটের ৮/৫ নং দোকান সংলগ্ন দক্ষিণপার্শ্বে খালী জায়গা অস্থায়ীভাবে ব্যবহারের জন্য উক্ত দোকানের মালিক মিসেস মিনা কবির গত ০৬ এপ্রিল, ২০০২ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (খালী জায়গার পরিমাণ এবং স্কেচ ম্যাপ উপস্থাপন করা হলো)।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ৮/৫ নং দোকানের দক্ষিণপার্শ্বে দেয়াল সংলগ্ন খালী জায়গাটুকু পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সাপেক্ষে শুধুমাত্র ব্যবহারের জন্য অনুমতি দেয়া হলো। এ অনুমতি কোন ক্রমেই অধিকার হিসেবে গণ্য করা যাবে না।

প্রস্তাব নং-১৮ : স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৬ মে, ২০০২ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের সংগে প্রেরিত রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দের বিষয়ে মোসাম্মৎ ছালেহা খাতুনের ২১ ডিসেম্বর, ২০০১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেট স্থানে ভবিষ্যতে একটি অভ্যুত্থানিক সুপার মার্কেট নির্মাণ করা হলে প্রচলিত বিধি মোতাবেক উপর্যুক্ত আবেদনকারিনীর আবেদন বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৯ : স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ এপ্রিল, ২০০২ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের সংগে প্রেরিত রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দের বিষয়ে জনাব মোঃ মীর হোসেন, ১৮৬ মধ্য বাসাবো, ঢাকা এর আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সি ৩

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে রজনীগন্ধা সুপার মার্কেট স্থানে ভবিষ্যতে একটি অত্যাধুনিক সুপার মার্কেট নির্মাণ করা হলে প্রচলিত বিধি মোতাবেক উপর্যুক্ত আবেদনকারীর আবেদন বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২০ : প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০ এপ্রিল, ২০০২ তারিখের ১০১/৩৯/সদরদপ্তর কমপ্লেক্স/কিউ নং পত্রের মাধ্যমে জানান হয় যে, ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থ স্বাধীনতা সরণির দক্ষিণপার্শ্বে অবস্থিত দোকানসমূহ সংলগ্ন একটি ১৪(চৌদ্দ)তলা ভবন নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত ভবনে ডিজিএফআই সদর দপ্তর স্থানান্তর করা হবে বিধায় উক্ত এলাকায় অবস্থিত দোকানসমূহ তথায় অবস্থানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। এ ব্যাপারে পরবর্তী করণীয় সম্পর্কে স্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের মতামতের ব্যাপারে পত্র লিখার জন্য সিইও, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২১ : রজনীগন্ধা সুপার মার্কেট হতে গত ০৩ মার্চ, ২০০২ তারিখে উচ্ছেদ অভিযানের জরুরীত মালামালের মধ্যে নিম্নবর্ণিত মালিকদের যে সমস্ত মালামাল উর্ধ্বতন কর্তৃপক্ষের সুপারিশক্রমে ফেরত দেয়া হয়েছে, উহা ঘটনোত্তর অনুমোদনকরণ। এতদ্বিষয়ে ৭ মে, ২০০২ এবং ১১ মে, ২০০২ তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

ক্রমিক নং	মালিকের নাম	মালামালের বিবরণ ও সংখ্যা
(১)	জনাব মোঃ সহিদুল ইসলাম ও নায়ক মোঃ মোসলেম উদ্দিন (অবঃ)।	হাফ প্যান্ট- ১৫টি, ছোট মেয়েদের জামা- ৬০টি, ছোট ছেলেদের গেঞ্জি- ২৯টি ছোট হাফ শার্ট- ১৫টি, ছোট ফুল প্যান্ট-৪টি, পুরুষের বড় গেঞ্জি-৬৪টি, হাফ গ্রেট সিরামিক-৩৯টি, ফুল প্যান্ট-১১টি, কোর্ট-১টি, স্টীলের বক্স-১টি, হেজাক লাইট-১টি।
(২)	সুবেঃ মোঃ ইলিয়াস (অবঃ)	তুলার বস্তা-২২টি
(৩)	জনাব মোঃ মাহবুব	পুরুষের গেঞ্জি-১৭৪টি, সেনডু গেঞ্জি-৩৭টি, ছোটদের গেঞ্জি-২৬টি, কাগজের বক্স-১টি, গেঞ্জি-২৫টি।
(৪)	জনাব মোঃ খোরশেদ মিয়া	ঝাড়বাতির গোল গ্রাব-৯৯টি, জুতা পুরাতন-৫ জোড়া, প্যান্ট শার্ট ছোট-বড়-৫৮ পিছ, মেয়েদের বিভিন্ন ধরনের পোষাক ও পর্দার কাপড়-২০ পিছ, টুকরা কাপড়-১ পলিথিন, বিভিন্ন ধরনের পুরাতন শার্ট, প্যান্ট ও স্যুয়েটার-১৭০ পিছ, পুরাতন জুতা-২২ জোড়া, ড্রেসিং টেবিল টুলসহ-১টি।
(৫)	জনাব মোঃ ইলিয়াহ	হেজাক লাইট-২টি, প্যান্ট পিছ-২৬৭টি, শার্ট পিছ- ২৭টি, কেচি-১টি, টিনের বড় স্টীলের বক্স টিনের বড় বক্সের মধ্যে-১টি।

গৃহীত সিদ্ধান্ত : উপর্যুক্ত ব্যক্তিবর্গকে তাদের জরুরীত মালামাল ফেরত দেয়ার ব্যাপারে ঘটনোত্তর অনুমোদন করা হলো।

চলমানপাতা-৮

সি ৩

প্রস্তাব নং-২২ : ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা কর্তৃক নিয়ন্ত্রিত শহীদ সরণির ০৩(তিন)টি পাবলিক টয়লেট, বছরের জন্য ইজারার নিমিত্তে গত ২৪ মার্চ, ২০০২ তারিখে দরপত্র আহবান করা হলে শুধুমাত্র ০১(এক)টি দরপত্র পাওয়া যায়, যা ৩১ মার্চ ২০০২ তারিখের বোর্ডসভার সিদ্ধান্ত নং ৭(সাত) -এর মাধ্যমে বাতিল করতঃ পুনঃ দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। উহার প্রেক্ষিতে গত ২৪ এপ্রিল, ২০০২ তারিখে পুনঃ দরপত্র আহবান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ বাকীর হোসেন কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকার ডাক অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ২৪ এপ্রিল, ২০০২ তারিখের দরপত্রসমূহ ও তুলনামূলক বিবৃতি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বোর্ডসভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে সকল দরপত্র বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং ক্যান্টনমেন্ট বোর্ড নিজস্ব উদ্যোগে উপর্যুক্ত ০৩(তিন)টি টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন রেখে ০১ জুন, ২০০২ হতে পরীক্ষামূলকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৩ : ঢাকা সেনানিবাসস্থিত জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়কে ঢাকা গেইট হতে স্টাফ রোড পর্যন্ত রাস্তার উভয়পার্শ্বে, মহাখালী রেল ক্রসিং হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত রাস্তার উভয়পার্শ্বে আনুমানিক ১০০টি মেগা সাইন ও হোর্ডিং বোর্ড স্থাপনের নিমিত্তে ০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৪ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ১০ এপ্রিল, ২০০২ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স নেপচুন এ্যাডভাটাইজার্স, বাড়ী নং-২৫৫, রোড নং-১৯(পুরাতন) ১০/এ(নতুন), খানমন্ডি, আবাসিক এলাকা, ঢাকা কর্তৃক প্রদত্ত ৮০(আশি)টি মেগা সাইন বাৎসরিক প্রতি বর্গফুট ৭৫.৫০ টাকা হারে মোট ২,৮৯,৯২০/- (দুই লক্ষ উননব্বই হাজার নয়শত বিশ) টাকা অর্থাৎ ০২(দুই) বছরের জন্য মোট ৫,৭৯,৮৪০/- (পাঁচ লক্ষ উনআশি হাজার আটশত চল্লিশ) টাকা এবং ১৮টি হোর্ডিং বোর্ড বাৎসরিক প্রতি বর্গফুট ৬৫.০০ টাকা হারে মোট ৩,১৫,৯০০/- (তিন লক্ষ পনের হাজার নয়শত) টাকা অর্থাৎ ০২(দুই) বছরের জন্য মোট ৬,৩১,৮০০/- (ছয় লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার সর্বোচ্চ দর অনুমোদনকরণ। দরপত্রসমূহ এবং তুলনামূলক বিবৃতি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে মেসার্স নেপচুন এ্যাডভাটাইজার্স, বাড়ী নং-২৫৫, রোড নং-১৯ (পুরাতন) ১০/এ (নতুন), খানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা কর্তৃক প্রদত্ত ৮০(আশি)টি মেগাসাইন বাৎসরিক প্রতি বর্গফুট ৭৫.৫০ টাকা হারে মোট ২,৮৯,৯২০/- (দুই লক্ষ উননব্বই হাজার নয়শত বিশ) টাকা অর্থাৎ ০২(দুই) বছরের জন্য মোট ৫,৭৯,৮৪০/- (পাঁচ লক্ষ উনআশি হাজার আটশত চল্লিশ) টাকা এবং ১৮টি হোর্ডিং বোর্ড বাৎসরিক প্রতি বর্গফুট ৬৫.০০ টাকা হারে মোট ৩,১৫,৯০০/- (তিন লক্ষ পনের হাজার নয়শত) টাকা অর্থাৎ ০২(দুই) বছরের জন্য মোট ৬,৩১,৮০০/- (ছয় লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার সর্বোচ্চ দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৪ : রজনীগন্ধা সুপার মার্কেটে চাঁদাবাজার সাথে কতিপয় ব্যবসায়ী জড়িত থাকার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৫ এপ্রিল, ২০০২ তারিখের ১৩০০/৭০/২৩/এইচ নং পত্র উপস্থাপন করা হলো।

সি ৩ ৩



গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাতে বিশ্বস্থ সূত্রে জানা গিয়েছে যে, কতিপয় ব্যবসায়ী রজনীগন্ধা সুপার মার্কেটে চাঁদাবাজির সহিত জড়িত রয়েছে। বিষয়টি তদন্তের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো :-

- |     |   |     |            |
|-----|---|-----|------------|
| (১) | স্টেশন সদর দপ্তর<br>ঢাকা সেনানিবাসের প্রতিনিধি        | --- | আহ্বায়ক   |
| (২) | ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | --  | সদস্য      |
| (৩) | রাজস্ব কর্মকর্তা গ্রেড-১<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড  | --  | সদস্য-সচিব |

উপর্যুক্ত কমিটি বিষয়টি তদন্ত করে চাঁদাবাজির সহিত জড়িত ব্যবসায়ীদের বিরুদ্ধে কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে এতদ্বিষয়ে তাঁদের সুপারিশসহ একটি প্রতিবেদন পরবর্তী বোর্ডসভায় পেশ করবেন।

প্রস্তাব নং-২৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১ মার্চ, ২০০২ তারিখের গৃহীত সিদ্ধান্ত নং ১৫(পনের) এর আলোকে সকল ডিওএইচএস এলাকায় ইন্টারনেট স্থাপনের বিষয়ে সংশোধিত নীতিমালা অনুমোদনকরণ।

ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী, বারিধারা ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ক্যাবল, ডিস এন্টিনা/ইন্টারনেট স্থাপনের সংশোধিত নীতিমালা উপস্থাপন করা হলো।

ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী, বারিধারা ডিওএইচএস এবং ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ক্যাবল, ডিস এন্টিনা/ইন্টারনেট স্থাপনের সংশোধিত নীতিমালা।

- (ক) ঢাকা সেনানিবাসের আওতাধীন সকল ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় সমূহের জন্য এ সংশোধিত নীতিমালা প্রযোজ্য।
- (খ) প্রকৃত ব্যবসা/পরিচালনাকারী মালিক/কর্তৃপক্ষ ব্যবসার বিশদ বিবরণসহ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাস -এর বরাবরে ট্রেড লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।
- (গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশনের নিকট হতে আবেদনের স্বপক্ষে ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- (ঘ) ডিওএইচএস এসোসিয়েশন ছাড়পত্র সম্বলিত আবেদনপত্র ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।
- (ঙ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচায়ালে ডিজিএফআই -এর ছাড়পত্রের জন্য প্রেরণ করবে।
- (চ) ডিজিএফআই -এর ছাড়পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট আবেদনপত্রটি বোর্ডসভার অনুমোদনের জন্য পেশ করতে হবে।

- (ছ) আবেদনকারীকে সেবাদান সংক্রান্ত সকল বিষয়াদি আবেদনে উল্লেখ করতে হবে। আবেদনকারী কর্তৃক অথবা তাঁর মনোনীত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক স্বাচর-আচরণ করা হবে না, সেবাদানকালে আবাসিক এলাকাস্থ বাড়ীর মালিকদের অথবা সরকারী সম্পদের কোন প্রকার ক্ষতি সাধিত হবে না ইত্যাদি উল্লেখ করে ১৫০.০০ টাকার স্ট্যাম্পে ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- (জ) ব্যবসায়ী প্রতিষ্ঠান কি হারে গ্রাহকদের নিকট হতে সংযোজন ফি এবং মাসিক ফি আদায় করবে তা সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশনের সাথে আলোচনা করে নির্ধারণ করবে। এছাড়া ডিওএইচএস এসোসিয়েশনসমূহের মতামত সম্বলিত সনদপত্র গ্রহণ সাপেক্ষে বোর্ডসভার অনুমোদন গ্রহণ করে ফি হ্রাস/বৃদ্ধি করতে পারবে।
- (ঝ) কোন সেবাদান প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশন অথবা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হতে ক্যান্টনমেন্ট বোর্ডে অভিযোগ উত্থাপিত হলে উহা বোর্ডসভার উপস্থাপনপূর্বক প্রতিষ্ঠানের বিরুদ্ধে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করা বোর্ডের অধিত্যায়ারহীন।
- (ঞ) ব্যবসায়ী প্রতিষ্ঠানকে বোর্ডের নির্ধারিত ট্রেড লাইসেন্স ফি ছাড়াও ব্যবসা চলাকালীন সময়ে প্রতি মাসে নিম্নোক্ত হারে সংযোজন ফি প্রদান করতে হবে :-
- |     |                                   |   |               |
|-----|-----------------------------------|---|---------------|
| (১) | সংযোজন সংখ্যা ৫০ পর্যন্ত          | = | ৫০০.০০ টাকা   |
| (২) | সংযোজন সংখ্যা ৫১ হতে ৭৫ পর্যন্ত   | = | ৭৫০.০০ টাকা   |
| (৩) | সংযোজন সংখ্যা ৭৬ হতে ১০০ পর্যন্ত  | = | ১,০০০.০০ টাকা |
| (৪) | সংযোজন সংখ্যা ১ হতে ১২৫ পর্যন্ত   | = | ১,২৫০.০০ টাকা |
| (৫) | সংযোজন সংখ্যা ১২৬ হতে ১৫০ পর্যন্ত | = | ১,৫০০.০০ টাকা |
| (৬) | সংযোজন সংখ্যা ১৫১ হতে ১৭৫ পর্যন্ত | = | ১,৭৫০.০০ টাকা |
| (৭) | সংযোজন সংখ্যা ১৭৬ হতে ২০০ পর্যন্ত | = | ২,০০০.০০ টাকা |
- (ট) কোন ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করতে চাইলে ডিওএইচএস এসোসিয়েশনের প্রত্যয়নপত্রসহ ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় পাওনাদী পরিশোধ করে লিখিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করতে হবে। এছাড়া সংযোজন সংখ্যা অনুযায়ী টাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সংযোজন ফি প্রত্যেক মাসের ৭(সাত) তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।
- (ঠ) আবেদনকারীর আবেদন গৃহীত হওয়ার পর ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট -এর অনুকূলে প্রতিরক্ষা সঙ্কল্পপত্র/এফডিআর আকারে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে (যা ব্যবসা বন্ধ করলে ক্যান্টনমেন্ট বোর্ডের পাওনা সমন্বয়পূর্বক ফেরতযোগ্য)।
- (ড) সেবাদান প্রতিষ্ঠানের অফিস ডিওএইচএস অথবা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় থাকতে হবে। এছাড়াও সেনানিবাস এলাকায় কোন প্রকার স্থাপনা নির্মাণ করা যাবে না।
- (ঢ) সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের সার্ভিস প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল এবং টেলিফোন থাকতে হবে।

- (গ) সেবাদানকারী প্রতিষ্ঠান আইন-শৃংখলা অথবা আবাসিক এলাকার পরিবেশ বিঘ্নিত হয় এমন কোন কাজ করবে না।
- (ত) ক্যান্টনমেন্ট বোর্ড চাইলে ০৩(তিন) দিনের নোটিশে ব্যবসা বন্ধ করার জন্য বলতে পারবে এবং নতুন কোন সিদ্ধান্ত বোর্ড কর্তৃক আরোপ করা হলো আবেদনকারী তা মানতে বাধ্য থাকবে।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনাতে সকল ডিওএইচএস এলাকায় ক্যাবল, ডিসএক্টিনা/ ইন্টারনেট স্থাপনের নিমিত্তে উপর্যুক্ত সংশোধিত নীতিমালা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। এ নীতিমালার কপি সংশ্লিষ্ট সকল ডিওএইচএস এসোসিয়েশনকে প্রেরণের জন্য সি ইং, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৬ : ডিওএইচএস মহাখালী এলাকায় জেনুইটি লিমিটেড কর্তৃক ইন্টারনেট সার্ভিস ব্যবসা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ মে, ২০০২ তারিখের ১৯/৬০/ডিজিএফআই নং পত্রের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে মেসার্স জেনুইটি লিমিটেডকে মহাখালী ডিওএইচএস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট -এর অনুমোদিত নীতিমালার আলোকে ইন্টারনেট সার্ভিস ব্যবসা করার অনুমোদন দেয়া গেল।

প্রস্তাব নং-২৭ : রজনীগন্ধা সুপার মার্কেটের হকারদের জন্য নির্ধারিত হার্ডস্ট্যাভ/ভিটিসমূহ ০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে গত ২০ মে, ২০০২ তারিখে দরপত্র আবহান করা হয়। উক্ত ইজারায় ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ মুরাদ হোসে, ২৩৯/১, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে অত্র দপ্তরের ২১ মে, ২০০২ তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনাতে প্রাপ্ত সর্বোচ্চ দর সন্তোষজনক না হওয়ায় উহা পত্রিকায় পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের জন্য ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৮ : রজনীগন্ধা সুপার মার্কেটের ফুটপাথ, রাস্তা, এবং যত্রতত্র উচ্ছেদ অভিযানে জরুরীকৃত মালামালসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্তে গত ২৪ মে, ২০০২ তারিখে নিলাম দেয়া হয়। উক্ত নিলামে চারটি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ বাকের হোসেন কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ১৮,০০০/- (আঠার হাজার) টাকার দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে অত্র দপ্তরের ২১ মে, ২০০২ তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে নিলামে প্রাপ্ত সর্বোচ্চ দর ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক তৈরীকৃত এমআরপি হতে কম হওয়ায় উহা পত্রিকায় পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের জন্য ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৯ : রজনীগন্ধা সুপার মার্কেটে অবৈধভাবে যত্রতত্র বসা হকার অপসারণকালে জরুরীকৃত কাচা মালামালসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্তে গত ১৯ মে, ২০০২ তারিখে প্রকাশ্যে নিলাম দেয়া হয়। উক্ত নিলামে জনাব মোঃ গোলাম মাওলা কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ২,৪০০/- (দুই হাজার চারশত) টাকার দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে অত্র দপ্তরের ২১ মে, ২০০২ তারিখের মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে প্রাপ্ত সর্বোচ্চ ২,৪০০/- (দুই হাজার চারশত) টাকার দর ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৩০ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর বি-এস/৪ নং ফ্ল্যাট দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতার নামে নামজারীর ব্যাপারে ক্রেতা জনাব মোঃ মজিবুর রহমানের ৩০ এপ্রিল, ২০০২ তারিখ এবং বিক্রেতা জনাব মির্জা আহসানুল হাবিব এর ০৮ মে, ২০০২ তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনাতে বোর্ডের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর বি-এস/৪ নং ফ্ল্যাটটি জনাব মোঃ মজিবুর রহমান, পিতা- মরহুম মোঃ রুহুল আমিন, গ্রাম-কানিয়াইল, থানা-দুর্গাপুর, জেলা-নেত্রকোনা -এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩১ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর বি-এন/১ নং ফ্ল্যাট দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতার নামে নামজারীর ব্যাপারে ক্রেতা মেজর ডাঃ মোঃ হুমায়ুন এর ৯ মে, ২০০২ তারিখ এবং বিক্রেতা মির্জা আহসানুল হাবিব এর ৪ মে, ২০০২ তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনাতে বোর্ডের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর বি-এন/১ নং ফ্ল্যাটটি মেজর ডাঃ মোঃ হুমায়ুন, পিতা মরহুম আমিন উদ্দিন আহমেদ, ৯৪ সিএমএইচ এরিয়া, ঢাকা সেনানিবাস, ঢাকা -এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমানপাতা-১৩

১৩

প্রস্তাব নং-৩২ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ডি/৮৯ নং অস্থায়ী দোকানটির ইজারা মেয়াদ ০১ জুলাই, ২০০২ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধি করার ব্যাপারে উক্ত দোকানের মালিক জনাব মোঃ ফয়েজউল্যা এর ২০ মে, ২০০২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে উক্ত দোকানের বকেয়া ভাড়া আদায় সাপেক্ষে ০১ জুলাই, ২০০২ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনে ১৫(পনের) দিনের নোটিশ প্রদান করা হলে দোকানের স্থান ছেড়ে দিতে হবে। অস্থায়ী বরাদ্দকৃত দোকান কোনক্রমেই হস্তান্তর করা যাবে না।

প্রস্তাব নং-৩৩ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ডি-৮৮/১ নং অস্থায়ী দোকানটির ইজারা মেয়াদ ০১ জুন, ২০০২ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করার ব্যাপারে উক্ত দোকানের মালিক জনাব মোঃ লোকমান হোসেনের ১১ মে, ২০০২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে উক্ত দোকানের বকেয়া ভাড়া আদায় সাপেক্ষে ০১ জুন, ২০০২ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য প্রয়োজনে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনে ১৫(পনের) দিনের নোটিশ প্রদান করা হলে দোকানের স্থান ছেড়ে দিতে হবে। অস্থায়ী বরাদ্দকৃত দোকান কোনক্রমেই হস্তান্তর করা যাবে না।

প্রস্তাব নং-৩৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আমি)কর্তৃক ভেটিংকৃত দর
১।	শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষের বাসস্থানের পানি, বিদ্যুৎ, গ্যাস ও স্যানিটারী লাইন মেরামতকরণ।	২৯,৫৬৪/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	১৯% উর্ধ্ব	০৩% উর্ধ্ব
২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৬০ নং নীচতলা ও উপরতলার জন্য ফেরোসিমেণ্টের পানির ট্যাংক দ্বারা রিজার্ভার তৈরীকরণ।	২১,৮৫৪/- টাকা	দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস	২২% উর্ধ্ব	৬% উর্ধ্ব

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী	সর্বনিম্ন দর প্রদানকারী কর্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর
৩।	মহাখালী ডিওএইচএস এলাকার লেকের দক্ষিণপার্শ্বে ৩৪টি লন লাইট নিরাপত্তাজনিত কারণে উঠিয়ে শহীদ মঈনুল রোডে স্থানান্তর ও তদস্থলে ১৮টি পুল সেডসহ ৪'-০" লম্বা টিউব লাইট স্থাপনকরণ।	১,০১,৪৫১/- টাকা	মেসার্স ইউনুহ এন্ড ব্রাদার্স	২৫% উর্ধ্ব	১৫% উর্ধ্ব
৪।	বারিখারা ডিওএইচএস এলাকায় সিকিউরিটি গার্ডদের জন্য ব্যারাক নির্মাণের নকশা তৈরীকরণ।	১৫,০০০/- টাকা	ইউনিক কনসালটিং সার্ভিসেস	১৫,০০০/- টাকা	১৫,০০০/- টাকা
৫।	ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭ নং রোডের পশ্চিম মাথায় নবনির্মিত ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টারের সম্মুখে আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	২,১৯,০৯৫/- টাকা	দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস	২৯.৮৫% উর্ধ্ব	১৮% উর্ধ্ব
৬।	শহীদ সরণিস্থ রোড ডিভাইডার এবং লাইট পোস্টের গোড়াতে দুর্ঘটনা এড়ানোর জন্য রিফ্লেকটিভ টেপ স্থাপনকরণ।	৪৯,৫১৯/- টাকা	মেসার্স এসএস এন্টারপ্রাইজ	৩০% উর্ধ্ব	১৮% উর্ধ্ব
৭।	শহীদ সরণিস্থ এয়ার হাউজের সম্মুখের বিপদ জনক পারাপার বন্ধের জন্য ফুটপাতে জিআই পাইপের রেলিং নির্মাণ।	৮৯,৮৫৫/- টাকা	মেসার্স জিএম ট্রেডার্স	২৮% উর্ধ্ব	২৩.৫০% উর্ধ্ব
৮।	ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৫/এ নং পুটের জন্য আরসিসি জলাধার ও দোতলার জানালায় ওয়ারনেট স্থাপনকরণ।	৬০,১৩১/- টাকা	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	৩১% উর্ধ্ব	১১% উর্ধ্ব
৯।	ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং- ৬৫/এ এর নীচতলা মেরামত ও রংকরণ।	৮৭,৩৮৩/- টাকা	মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	২৭% উর্ধ্ব	০৮% উর্ধ্ব

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এমইএস -এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ (ভেটিং) করা হয়েছে। সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ০১ হতে ৯ পর্যন্ত ০৯(নয়)টি কাজের নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা

চলমানপাতা-১৫

হলো। ক্রমিক নং ১ ব্যতীত বাকী ০৮(আট)টি কাজের ক্ষেত্রে উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোক। ক্রমিক নং ০১ এর ঠিকাদার অনুমোদিত দরে কাজ করতে সম্মত থাকলে তাকে কার্যাদেশ দেয়া হোক :-

- (১) ৩% উর্ধ্ব দর অনুমোদিত
- (২) ৬% উর্ধ্ব দর অনুমোদিত
- (৩) ১৫% উর্ধ্ব দর অনুমোদিত
- (৪) ১৫,০০০/- (পনের হাজার) টাকার দর অনুমোদিত
- (৫) ১৮% উর্ধ্ব দর অনুমোদিত
- (৬) ১৮% উর্ধ্ব দর অনুমোদিত
- (৭) ২৩.৫০% উর্ধ্ব দর অনুমোদিত
- (৮) ১৮% উর্ধ্ব দর অনুমোদিত
- (৯) ৮% উর্ধ্ব দর অনুমোদিত

প্রস্তাব নং-৩৫ : কচুক্ষেত পুরান বাজারের মুসলিম মডার্ণ একাডেমীর উত্তর-পশ্চিম কর্ণারের প্লট নং-৩২ হতে ৫৪ পর্যন্ত এবং ৫৪ হতে ২৩ পর্যন্ত রাস্তা পিসিসি ও ড্রেন নির্মাণ কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪/৩/২০০২ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১১৬-৩/শা-৩/৩ নং পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪/৩/২০০২ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১১৬-৩/শা-৮/৩ নং পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে বিষয়েবর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ২৩% উর্ধ্ব দর অনুমোদন করা হলো। সভাপতি মহোদয় সদয় ইচ্ছা প্রকাশ করেন যে, সংশ্লিষ্ট প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে এলাকাবাসীর সাথে ট্যান্ড আদায়ের ব্যাপারে উদ্বুদ্ধকরণের জন্য তিনি এবং সিইও, ঢাকা আলোচনা করবেন। অনুমিত হয় যে, অনেকদিন হতে সেনানিবাস বর্ধিত এলাকায় কোন উন্নয়নমূলক কাজ হয়না বলেই বিপুল পরিমাণ ট্যান্ড বকেয়া পড়েছে। এ প্রকল্পটি বাস্তবায়ন করে বকেয়া ট্যান্ড আদায়ের আহবান জানালে অনুকূলে সাড়া পাওয়া যেতে পারে। অতএব ট্যান্ড আদায়ের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের শর্তটি শীথিল করে ট্যান্ড আদায়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ এবং বাকী অর্থ বোর্ড তহবিল হতে ব্যয় করে প্রকল্পটি সম্পাদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৩৬ : পিসিবি কর্তৃক অনুমোদিত বনানী ডিওএইচএস এলাকার অসামাকৃতি ৮৭/সি এবং ৯৬/বি নং প্লট উন্নয়নকরণের যথাক্রমে ৬,৯৫,২৩১/- (ছয় লক্ষ পঁচানব্বই হাজার দুইশত একত্রিশ) টাকা এবং ৪,৭১,০০২/- (চার লক্ষ একাত্তর হাজার দুই) টাকার মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পিসিবি কর্তৃক অনুমোদিত বনানী ডিওএইচএস এলাকার অসামাকৃতি ৮৭/সি এবং ৯৬/বি নং প্লট উন্নয়নকরণের যথাক্রমে ৬,৯৫,২৩১/- (ছয় লক্ষ পঁচানব্বই হাজার দুইশত একত্রিশ) টাকা এবং ৪,৭১,০০২/- (চার লক্ষ একাত্তর হাজার দুই)টাকার মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৩৭ : টাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী ও ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার যৌথভাবে প্রকল্প/মেরামত কাজগুলি সমাপ্তির ০১(এক) বছর পর সম্পাদিত কাজগুলির গুণগত মানের দিকে খেঁচে যথাযথ ও এটিমুক্ত আছে বলে মতামত ব্যক্ত করায় এবং পরিদর্শন কমিটির মাধ্যমে কাজগুলি বুঝে নেয়ায় ফেরতযোগ্য নিম্নবর্ণিত ৩২(বত্রিশ)টি কাজের জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্রমিক নং	প্রকল্পের নাম	কার্মের নাম
১।	বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোডের নবনির্মিত কার্পেটিং রাস্তার দুই সাইড বর্ধিত করে ২০'-০" চওড়াকরণ।	মেসার্স বিল্ডার্স কর্পোরেশন
২।	বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তা কার্পেটিংকরণ।	দি মুন এন্টারপ্রাইজ
৩।	মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ।	মেসার্স বিল্ডার্স কর্পোরেশন
৪।	সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ।	নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল
৫।	মুসলিম মডার্ণ একাডেমীর ৩য় তলায় নির্মানাধীন দু'টি শ্রেণী কক্ষের জন্য আসবাবপত্র তৈরী ও সরবরাহকরণ।	মেসার্স পেয়ার আহম্মদ এন্ড ব্রাদার্স
৬।	শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দোতলা ভবনের জন্য ১০০ জোড়া জয়েন্ট বেঞ্চ তৈরী করণ।	মেসার্স খান ট্রেডার্স
৭।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ব্রডওয়ে বিল্ডিং এর সম্মুখে রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ।	মেসার্স আলম ব্রাদার্স
৮।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় এয়ার হাউজের পশ্চিমে শহীদ বদিউজ্জামান সড়কের পূর্বপার্শ্বে ড্রেন নির্মাণ ও রাস্তা মেরামত কাজ।	মেসার্স এম আর আমিন ট্রেডার্স
৯।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় রোড নং ২/এ কার্পেটিং ও ড্রেন নির্মাণ কাজ।	মেসার্স বিএম ট্রেডার্স
১০।	ক্যান্টনমেন্ট বাজার এলাকায় রোড নং ৪-৫ এর সংযোগ সড়ক মেরামতসহ সেন্ট্রাল রোডের পূর্বপার্শ্ব দিয়ে সপ্লট নং ৮৬-৯২ পর্যন্ত ড্রেন ও কালভার্ট নির্মাণ কাজ।	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ
১১।	ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অভ্যন্তরীণ অংশের মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ।	মেসার্স আজিজ কর্পোরেশন



ক্রমিক নং	প্রকল্পের নাম	কার্যের নাম
১২।	ঢাকা সেনানিবাস এলাকায় বালুঘাট হতে কার্মগেট পর্যন্ত পতিমাত্রা সাইন পোস্টিং নির্মাণ ও স্থাপনকরণ।	মেসার্স এসএস এন্টারপ্রাইজ
১৩।	শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের (স্কুল ভবন) মেরামত ও রং চূনার কাজ।	মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স
১৪।	পিঞ্জিলা এলাকায় সোডিয়াম বাতির উচ্চতা কমিয়ে সাধারণ মই দ্বারা মেরামত করা উপযোগী স্থানে স্থাপনকরণ।	মেসার্স এম আর এন্টারপ্রাইজ
১৫।	শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বাথরুমের স্যুরেজ লাইন ও ইনচপেকশন পিট তৈরীকরণ।	মেসার্স এম আর এন্টারপ্রাইজ
১৬।	সেনাপল্লী স্কুলের পানির লাইন স্থাপনকরণ।	মেসার্স আলম ব্রাদার্স
১৭।	২০০০ সনের শহীদ সরণির উভয় পার্শ্বে বৈদ্যুতিক পোল রং ও নাম্বারকরণ।	মেসার্স আলম ব্রাদার্স
১৮।	শহীদ সরণির রিকসা পথ মহাখালী ডিওএইচএস হতে বনানী পর্যন্ত নতুন রোড এবং স্বাধীনতা চত্বরের বৈদ্যুতিক পুল উঠিয়ে পুনঃ স্থাপনকরণ।	মেসার্স বিএম ট্রেডার্স
১৯।	বারিধারা ডিওএইচএস এলাকায় নতুন স্থাপিত পোলে নিরাপত্তা বাতি স্থাপনকরণ।	মেসার্স কসমিক ইঞ্জিনিয়ার্স
২০।	ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ১০ ও ১১ নং রোডের নতুন পানির লাইন স্থাপনকরণ।	মেসার্স বিএম ট্রেডার্স
২১।	ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ডিওএইচএস বারিধারার উত্তর সীমানা দেয়াল সংলগ্ন ডোবা ভরটিকরণ।	মেসার্স বিএম ট্রেডার্স
২২।	মহাখালী ডিওএইচএস এলাকায় ২৪ নং রোডে (পুট নং ৩৩৯ এবং ৩৪০ এর সামনে) খালী জায়গায় গ্রীল দ্বারা ঘেরাও করে গ্রীন স্পেস তৈরীকরণ।	মেসার্স আলম ব্রাদার্স
২৩।	বনানী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোড (ইস্টার্ন রোডের ৬ নং রোড হতে উত্তর দিকের শেষ প্রান্ত পর্যন্ত এবং বিভিন্ন রোড) এ গর্ত মেরামত ও সীলকোটকরণ।	মেসার্স হাবিব এন্ড সন্স কোং
২৪।	ঢাকা সেনানিবাসস্থ সম্মুখত গেইটের নিকট পার্কিংয়ের দেয়াল, গ্রীল ও ইলেকট্রিক পোলসমূহ রংকরণ।	মেসার্স হাবিব এন্ড সন্স কোং
২৫।	বারিধারা ডিওএইচএস এলাকায় ৪০৫/এ এবং ২২১ নং পুটের পূর্ব সীমানা দেয়াল নির্মাণ।	মেসার্স হাবিব এন্ড সন্স কোং
২৬।	ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের ডোম ও উক্ত মসজিদের সম্মুখের দেয়াল রংকরণ।	মেসার্স মনির এন্ড কোং
২৭।	ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবনের সম্প্রসারণকৃত ৫(পাঁচ)টি কক্ষের জন্য আসবাবপত্র সরবরাহকরণ।	মেসার্স এম আর এন্টারপ্রাইজ
২৮।	মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১৯ ও ২০ এর সংযোগের পুট নং বি/১৮৫ এর পশ্চিম-উত্তরপার্শ্বে গ্রীল দ্বারা ঘেরাও করে গ্রীন স্পেস তৈরীকরণ।	মেসার্স এস আলম এন্টারপ্রাইজ
২৯।	মহাখালী ডিওএইচএস এলাকার প্রধান সড়ক (রাওয়ান ক্লাব হতে লেন নং ২১ পর্যন্ত) রাস্তার উভয়পার্শ্ব ২-০' প্রসস্তকরণ।	মেসার্স মিলন এন্টারপ্রাইজ
৩০।	ঢাকা সেনানিবাস শহীদ সরণিস্থ বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইটের নিকট ঝড়ে পড়ে ভেঙে যাওয়া জিআই পাইপের বেরিয়ার মেরামত ও রংকরণসহ আর্মি এভিয়েশনের সামনের গ্রীল এবং আইল্যান্ড রংকরণ।	মেসার্স এসএস এন্টারপ্রাইজ

ক্রমিক নং	প্রকল্পের নাম	ফার্মের নাম
৩১।	মহাশালী ডিওএইচএস এলাকায় লিংক রোডের পার্শ্বে ভিটি বালু ভরাট, বিভিন্ন লেইনের স্পীড ব্রেকার রংকরণসহ ট্রাফিক সাইন পোস্টিং স্থাপন ও রংকরণ।	মেসার্স হাবিব এন্ড সন্স কোং
৩২।	শহীদ সরণির ব্রডওয়ে বিল্ডিং এর উত্তরে, সেনাসদরের প্রবেশ পথের সম্মুখে ও আর্মি এমপি ইউনিটের পূর্বে পানি নিষ্কাশনের জন্য পিভিসি ও আরসিসি পাইপ স্থাপনসহ পিট নির্মাণ এবং বিভিন্ন স্থানে ফুটপাথ স্নাব মেরামতকরণ।	মেসার্স মুনির ট্রেডার্স

প্রস্তাব নং-৩৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাহ ৯৬/২ নং বাসাটি মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজের জন্য ১৯,০০৪/- (উনিশ হাজার চার) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাহ ৯৬/২ নং বাসাটি মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজের জন্য ১৯,০০৪/- (উনিশ হাজার চার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৩৯ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকান নং ডি/৮১-২ এর পার্শ্বে ড্রেন ও স্নাব নির্মাণ কাজের জন্য ৩৩,১৮৫/- (তেত্রিশ হাজার একশত পঁচাশি) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকান নং ডি/৮১-২ এর পার্শ্বে ড্রেন ও স্নাব নির্মাণ কাজের জন্য ৩৩,১৮৫/- (তেত্রিশ হাজার একশত পঁচাশি) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৪০ : ঢাকা সেনানিবাসের ডিওএইচএসসমূহ ও বর্ষিত এলাকার বাড়ী নির্মাণের ২০(বিশ)টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের নিমিত্তে নিম্নে পেশ করা হলো :-

ক্রমিক নং	প্লটের মালিকের নাম	প্লট নং	এলাকার নাম	মন্তব্য
১।	ত্রিগেডিয়ার জেনাঃ মোঃ জিল্লুর রহমান গং	১৮৫	বারিখারা ডিওএইচএস	
২।	কমাঃ মোঃ মোসলেহ উদ্দিন (জি),বিএন	৪৯৩/২	-এ-	
৩।	জনাব মোঃ মাহবুবুল হক চৌধুরী গং	৩৩৩	-এ-	
৪।	কর্ণেল বেলালউদ্দিন মাহমুদ	১৪৭	-এ-	
৫।	ত্রিগেডিয়ার জেনারেল মোঃ আবদুল মঈদ সিদ্দিকী	২২৬	-এ-	
৬।	এয়ার কমান্ডার জিয়ারত আলী, পিএসসি	৪৮৩/এ	-এ-	

ক্রমিক নং	প্রটের মালিকের নাম	প্লট নং	এলাকার নাম	মন্তব্য
৭।	মেজর জেনারেল রেজাকুল হায়দার, এনডিসি, পিএসসি	২২৭	বারিধারা ডিওএইচএস	
৮।	লেঃ কর্ণেল এটিএম খায়রুল আলম (অবঃ)	৩০৬	-এ-	
৯।	জনাব এরশাদুল করিম ভূইয়া	২৫৯	-এ-	
১০।	মেজর মোঃ সামছুল হক গং	৩৩৬/এ	মহাখালী ডিওএইচএস	
১১।	ডাঃ রুখসানা রহমান	৪১৬	-এ-	
১২।	লেঃ কর্ণেল গাজী সুলতান মাহমুদ (অবঃ)	৩৪৯	-এ-	
১৩।	মেজর নুরুল রহমান গং	৩৮৯	-এ-	
১৪।	মেজর শাহ আলম গং	৪৩১	-এ-	
১৫।	ব্রিগেডিয়ার জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিসি, পিএসসি	১০০/বি	বনানী ডিওএইচএস	
১৬।	মিসেস সুরাইয়া রহমান গং	৪২	-এ-	
১৭।	মিসেস গুলনাহার বাশার গং	৯৮	-এ-	
১৮।	জনাব হারুন রশিদ	৬০/বি	ক্যান্টঃ আবাসিক এলাকা	
১৯।	হাজী মোঃ রফিক উল্লাহ গং	১৪৫ (আংশিক)	লালাসরাই	
২০।	বেগম আজ্জমান	১৪৫ (আংশিক)	লালাসরাই	

গৃহীত সিদ্ধান্ত : অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৪১ : ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স গাজী এন্ড কোং লিঃ, ১৮৯/৫ ইব্রাহীমপুর, ঢাকা ক্যান্টনমেন্ট -এর তালিকাভুক্তি নবায়নকরণ এবং সেনানিবাসে প্রবেশের উপর নিষেধাজ্ঞা প্রত্যাহার প্রসংগে- স্টেশন সদর দপ্তর ঢাকা সেনানিবাসের ১৭ এপ্রিল, ২০০২ তারিখের ৬২৪/১/৭/ X নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (পত্রটি সভায় পেশ করা হলো)।

গৃহীত সিদ্ধান্ত : আগামী বোর্ডসভায় পেশ করা হোক।

প্রস্তাব নং-৪২ : মেসার্স গাজী এন্ড কোং লিঃ, ১৮৯/৫, ইব্রাহীমপুর, ঢাকা সেনানিবাস -এর মালিক জনাব এ কে এম পাটোয়ারীকে সেনানিবাস এবং সেনানিবাসের আওতাভুক্ত এলাকায় অবাস্তিত ঘোষণাকরণ প্রসংগে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ৩২ সেনানিবাস বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের ১৪ মে, ২০০২ তারিখের ১৩০০/৭০/১/এফ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি বোর্ডসভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : আগামী বোর্ডসভায় পেশ করা হোক।

প্রস্তাব নং- ৪৩ : ডিওএইচএস বনানী এলাকায় খেলার মাঠে দীর্ঘদিন থেকে শৃংখলার পরিপন্থী কার্যক্রম সংঘটিত হওয়ায় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বনানী এসোসিয়েশনের সভাপতি কর্তৃক ১৮ এপ্রিল, ২০০২ তারিখের প্রতিবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এছাড়া এ ব্যাপারে জনাব টি আই সিদ্ধিকী (রিংকু), জেনারেল সেক্রেটারী, ডিওএইচএস স্পোর্টস ক্লাবের ১২ এপ্রিল, ২০০২ তারিখের এবং জনাব তারেক চৌধুরী, জেনারেল সেক্রেটারী, ডিওএইচএস স্পোর্টস ক্লাবের ২৭ এপ্রিল, ২০০২ তারিখের পত্রদ্বয় আলোচনার জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সার্বিক বিষয়টি অবহিত হওয়া গেল। ডিওএইচএস স্পোর্টস ক্লাব হতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় কাগজপত্রাদি পাওয়ার পর এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গৃহীত হবে।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (১) :

ব্রডওয়ে বিল্ডিং এর সামনে গাড়ী পার্কিং এর জন্য হার্ডস্ট্যাড নির্মাণকরণের নিমিত্তে ১,১৪,৫১৯/- (এক লক্ষ চৌদ্দ হাজার পাঁচশত উনিশ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ব্রডওয়ে বিল্ডিং এর সামনে গাড়ী পার্কিং এর জন্য হার্ডস্ট্যাড নির্মাণকরণের নিমিত্তে ১,১৪,৫১৯/- (এক লক্ষ চৌদ্দ হাজার পাঁচশত উনিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ হোক।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (২) :

বারিধারা ডিওএইচএস এলাকায় সিকিউরিটি ব্যারাক নির্মাণ কাজের সাইট পরিবর্তন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পূর্বের সাইট পরিবর্তন পূর্বক বারিধারা ডিওএইচএস মসজিদের উত্তর-পশ্চিমপার্শ্বে খালী জায়গায় সিকিউরিটি ব্যারাক নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং সংশোধিত মূল্যানুমান ও নকশা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে যথানিয়মে প্রেরণ হোক।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (৩) :

বিএনএস হাজী মহসিন ক্রসিং হতে ফ্লাসার সিস্টেম খুলে উহা আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সামনে স্থাপিত পথচারী পারাপার সংকেতের সাথে স্থাপন এবং বীরউত্তম লেঃ শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণপার্শ্বের গেইটে স্থাপিত পথচারী পারাপার সংকেতে একটি নতুন ফ্লাসার সরবরাহ এবং স্থাপন কাজের জন্য ৪৬,০২০/- (ছেচল্লিশ হাজার বিশ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিএনএস হাজী মহসিন ক্রসিং হতে ফ্লাসার সিস্টেম বলে উহা আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সামনে স্থাপিত পথচারী পারাপার সংকেতের সাথে স্থাপন এবং বীরউত্তম লেঃ শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণপার্শ্বের গেইটে স্থাপিত পথচারী পারাপার সংকেতে একটি নতুন ফ্লাসার সরবরাহ এবং স্থাপন কাজের জন্য ৪৬,০২০/- (ছেটাল্লিশ হাজার বিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার সভাকে অবহিত করেন যে, উক্ত ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সনের রক্ষনাবেক্ষণ খাত হতে নির্বাহ করা যাবে।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (৪) :

রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং যানবাহন সংকেত মেরামত কাজের জন্য ৩০,৪৪০/- (ত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং যানবাহন সংকেত মেরামত কাজের জন্য ৩০,৪৪০/- (ত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার সভাকে অবহিত করেন যে, উক্ত ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সনের রক্ষনাবেক্ষণ খাত হতে নির্বাহ করা যাবে।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (৫) :

ঢাকা সেনানিবাস আবাসিক এলাকায় বেজমেন্ট তৈরী করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্বিষয়ে সেনাসদর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা (সমস্বয়), ঢাকা সেনানিবাসের ২৩ মে, ২০০২ তারিখের ৩৪০১/১/এজি(কর্ড) নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সেনাসদরের পত্রটি অবহিত হওয়া গেল। এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের 'বিস্তিং বাই লজ-এ' আবাসিক এলাকার জন্য বেজমেন্ট ফ্লোর নির্মাণে কোন ব্যবস্থা নেই। রাজউক নিয়ন্ত্রনাধীন আবাসিক এলাকায় বেজমেন্ট ফ্লোর -এর ক্ষেত্রে কী নিয়মনীতি অনুসরণ করা হয় তা জানার জন্য রাজউক এর 'বিস্তিং বাই লজ-এর' একটি কপি সংগ্রহ করা হোক।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (৬) :

বারিধারা ডিওএইচএস এলাকায় সীমানা দেয়াল নির্মাণের ব্যয়ভার বাবদ ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা মণ্ডকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্বিষয়ে সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১১ সেপ্টেম্বর, ২০০১ তারিখের পিএফ/১৪৭৯/ডিওএইচএস নং পত্র এবং কিউ এম জি শাখা, এম এড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৪ মে, ২০০২ তারিখের ৩৯১৭/ছ-১২৬/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্র সভায় উপস্থাপন করা হলো।

চলমানপাতা-২২

## পাতা-২২

গৃহীত সিদ্ধান্ত : সংশ্লিষ্ট পত্র দু'টি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনাতে সিদ্ধান্ত গৃহীত হলো যে, এতদ্বিধীয়ে সংশ্লিষ্ট সকল কাগজপত্র ক্যান্টনমেন্ট বোর্ডের ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করবেন এবং প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এ ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবেন।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (৭) :

ইউনিভারসেল ওভারসিস কর্পোরেশন, ৮৯ মতিঝিল বাণিজ্যিক এলাকা, লাকী চেম্বার (থার্ড ফ্লোর), ঢাকা -এর ঠিকাদার হিসাবে তালিকাভুক্তির জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : আবেদনপত্রসহ অন্যান্য আনুসংগিক কাগজপত্রাদি অবলোকন করা হলো। সংশ্লিষ্ট ফার্মের প্রয়োজনীয় কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি ডিজিএফআই এর ছাড়পত্রের জন্য যথানিয়মে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং- ৪৪-বিবিধ (৮) :

ডিওএইচএস মহাখালী ও বারিধারা এলাকায় মেসার্স ইন্ড্রিপীড ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠানের ইন্টারনেট সার্ভিস ব্যবসা চালুর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ মে, ২০০২ তারিখের ১৯০০/৬০ ডিজিএফআই নং পত্রের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনাতে মেসার্স ইন্ড্রিপীড ইন্টারন্যাশনালকে মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড ঢাকা ক্যান্টনমেন্ট এর অনুমোদিত নীতিমালার আলোকে ইন্টারনেট সার্ভিস ব্যবসা করার অনুমোদন দেয়া গেল।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(খোরশেদ আলম চৌধুরী)  
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
ও  
সেক্রেটারী  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।



(কর্ণেল মোঃ সাইদুর রহমান, বিপি)  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড  
ও  
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।